



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৮)/২০১৭-২০১৮/৭৭

তারিখ : ২৬/০৯/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভাগ ওয়ারী এসএমই ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব অপরিহার্য। এসএমই খাতের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অধিকতর গতিশীল ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঋণ বিতরণের পাশাপাশি আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ আবশ্যিক হয়ে পড়েছে। শ্রেণীকৃত ঋণ বৃদ্ধি পেলে ব্যাংকের আয় হ্রাসসহ সার্বিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব পড়বে। তাই ব্যাংকের বিভাগওয়ারী শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ স্থিতির বিষয়টি বিবেচনায় নিয়ে ২০১৭-১৮ অর্থবছরের এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে বন্টন করে দেয়া হলোঃ


ক্রঃ নং	বিভাগের নাম	২০১৭-১৮ অর্থ বছরে এসএমই ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা			(কোটি টাকায়)
		শ্রেণীকৃত এসএস ও ডিএফ ঋণের ৫৫%	শ্রেণীকৃত বিএল ঋণের ৫৫%	শ্রেণী যোগ্য ঋণের ১০০%	মোট
১	ঢাকা	২.১৩	১৬.২৪	৫৮.৯৩	৭৭.৩০
২	ময়মনসিংহ	২.৭৪	১০.১৫	৩২.৪১	৪৫.৩০
৩	চট্টগ্রাম	৪.১৪	৭.৫৮	১৮.৪৩	৩০.১৫
৪	খুলনা	০.৬৮	৫.২২	২৮.০০	৩৩.৯০
৫	বরিশাল	০.১১	০.৮৮	৭.৮১	৮.৮০
৬	সিলেট	১.৬১	৮.৭১	১৬.৫৮	২৬.৯০
৭	কুমিল্লা	২.০৭	১১.৫৪	৪১.২২	৫৪.৮৩
৮	কুষ্টিয়া	০.১৪	২.০১	২০.৯৫	২৩.১০
৯	ফরিদপুর	০.৭০	২.১৫	১৬.৭৫	১৯.৬০
১০	এলাপিও	০.০৮	০.০৪	০০	০.১২
মোটঃ		১৪.৪০	৬৪.৫২	২৪১.০৮	৩২০.০০

* বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চল/শাখার ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণকালে বিবেচ্য অঞ্চল/শাখার শ্রেণীকৃত ঋণের ন্যূনতম ৫৫% এবং শ্রেণীযোগ্য এসএমই ঋণের ১০০% ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/কর্পোরেট শাখায় বন্টন পূর্বক বন্টিত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি প্রধান কার্যালয়ের এসএমই বিভাগে প্রেরণ করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। উল্লেখ্য, বিবেচ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা ঋণ আদায় মহাবিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র নং-০৩/২০১৭ তারিখ ১৪/০৬/২০১৭ মূলে ২০১৭-১৮ অর্থবছরে প্রদত্ত লক্ষ্যমাত্রার আওতাভুক্ত থাকবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০ এ বর্ণিত ঋণ আদায় সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক চলতি ২০১৭-১৮ অর্থবছরে এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক গণ এবং অঞ্চল প্রধান গণ উক্ত ঋণ আদায় কার্যক্রম মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।


অনুমোদনক্রমে-


(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৮)/২০১৭-১৮/৭৭ (২৪৫)
সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণঃ

তারিখঃ এ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ ঋণ আদায় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (শাখাসমূহে বন্টিত লক্ষ্যমাত্রার একটি কপি প্রধান কার্যালয়ের এসএমই বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৭. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯. নথি/ মহানথি।


(মির্জা আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)